| অফিসিয়াল সকল তথ্য পাওয়ার জন্য প্রতিদিন কমপক্ষে দুইবার উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইট ভিজিট করুন |
|---|

| শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ” |
|---|

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়**
**বিয়ানীবাজার, সিলেট।**
**ওয়েবসাইট: dpe.beanibazar.sylhet.gov.bd**

বিষয়: বিয়ানীবাজার উপজেলায় কর্মরত প্রধান শিক্ষকদের ডিসেম্বর/২০১৯ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব টিটু কুমার দে
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
বিয়ানীবাজার, সিলেট।
সভার তারিখ : ১১ ডিসেম্বর ২০১৯ ইং
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : হলরুম, নিদনপুর সুপাতলা সপ্রাবি, বিয়ানীবাজার, সিলেট।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী কার্যবিবরণী পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। নিম্নবর্ণিত আলোচ্য বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা ও সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন</td><td>আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ এ পিএইচজি উচ্চ বিদ্যালয় মাঠে মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত কুচকাওয়াজ ও শারীরিক কসরৎ অনুষ্ঠানে নিম্নলিখিত বিদ্যালয়সমূহের অংশগ্রহণের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণের জন্য প্রধান শিক্ষকগণকে অনুরোধ করা হয় ঃ
<table>
<tr><td>১) বিয়ানীবাজার সপ্রাবি</td><td>১৯) কেন্দ্র মাথিউরা সপ্রাবি</td></tr>
<tr><td>২) নবাং সুতারকান্দি সপ্রাবি</td><td>২০) নয়াগ্রাম-২ সপ্রাবি</td></tr>
<tr><td>৩) খশির সরকারি সপ্রাবি</td><td>২১) তেরাদল-১ সপ্রাবি</td></tr>
<tr><td>৪) আইডিয়াল কলেজিয়েট স্কুল</td><td>২২) মেওয়া সপ্রাবি</td></tr>
<tr><td>৫) খাসা সপ্রাবি</td><td>২৩) লিটল বাডস্ কিন্ডারগার্টেন</td></tr>
<tr><td>৬) জলঢুপ সপ্রাবি</td><td>২৪) গড়রবন্দ সপ্রাবি</td></tr>
<tr><td>৭) জলঢুপ দীননাথ সপ্রাবি</td><td>২৫) কোনাগ্রাম সপ্রাবি</td></tr>
<tr><td>৮) গৌরীনাথ সপ্রাবি</td><td>২৬) আঙ্গারজুর সপ্রাবি</td></tr>
<tr><td>৯) নিদনপুর সুপাতলা সপ্রাবি</td><td>২৭) নলেজ হোম</td></tr>
<tr><td>১০) নিদনপুর মুল্লাপুর সপ্রাবি</td><td>২৮) শেখ ওয়াহিদুর রহমান একাডেমি</td></tr>
<tr><td>১১) বড়দেশ সপ্রাবি</td><td>২৯) ঘুঙ্গাদিয়া বড়দেশ আইডিয়াল একাডেমী</td></tr>
<tr><td>১২) ঘুঙ্গাদিয়া সপ্রাবি</td><td>৩০) মরহুম আব্দুল জলিল কেজি</td></tr>
<tr><td>১৩) শ্রীধরা সপ্রাবি</td><td>৩১) শহিদ হাফিজুর রহমান বেলাল মেমোরিয়াল একাডেমী</td></tr>
<tr><td>১৪) কসবা আদর্শ সপ্রাবি</td><td>৩২) লোকমান চৌধুরী একাডেমী</td></tr>
<tr><td>১৫) ছোটদেশ সপ্রাবি</td><td>৩৩) চন্দগ্রাম-২ সপ্রাবি</td></tr>
<tr><td>১৬) ফেনগ্রাম চন্দগ্রাম বাগন সপ্রাবি</td><td>৩৪) ঘুঙ্গাদিয়া নওয়াগাঁও সপ্রাবি</td></tr>
<tr><td>১৭) কিসমত সপ্রাবি</td><td>৩৫) নিদনপুর সপ্রাবি</td></tr>
<tr><td>১৮) ঘুঙ্গাদিয়া একাডেমী</td><td>৩৬) আব্দুস ছালাম একাডেমী</td></tr>
<tr><td></td><td>৩৭) বিয়ানীবাজার আদর্শ কেজি</td></tr>
</table>
অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণ দলের সদস্যদের নামের তালিকা আগামী ১৩/১২/২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া নির্বাচিত দলসমূহকে আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ৯.০০ টায় পিএইচজি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে কুচকাওয়াজ ও শারীরিক কসরৎ এর প্রস্তুতিতে অংশগ্রহণ করতে হবে। প্রত্যেক দলকে আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ আবশ্যিকভাবে সকাল ৮.৩০টার মধ্যে মাঠে প্রবেশ করতে হবে। প্রত্যেক দল পরিপাটি পোশাকে/ইউনিফর্মে সুশৃংখলভাবে মাঠে প্রবেশ ও অবস্থান করবে।<br>
(খ) আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ (ক) অনুচ্ছেদে বর্ণিত বিদ্যালয়সমূহ ব্যতীত সকল বিদ্যালয়ে এসএমসি ও পিটিএ সদস্যগণ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতায় ও উপস্থিতিতে স্ব স্ব বিদ্যালয়ে মহান বিজয় দিবস ২০১৯ উদযাপনের জন্য অনুরোধ করা হল।
<table>
<tr><th>সময়</th><th>কর্মসূচি</th></tr>
<tr><td>সূর্যোদয়ের সাথে</td><td>জাতীয় পতাকা উত্তোলন।</td></tr>
<tr><td>সকাল ৮.০০ টা</td><td>ছাত্র/ছাত্রী সমাবেশ।</td></tr>
<tr><td>সকাল ৯.০০ টা</td><td>মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাংকন প্রতিযোগিতা।</td></tr>
<tr><td>সকাল ৯.৩০ টা</td><td>মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।</td></tr>
<tr><td>দিনব্যাপী</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ক জাগরণী গানের সিডি পরিবেশন।</td></tr>
</table>
গ) উপরোল্লিখিত বিদ্যালয় ব্যাতিত অন্যান্য সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ মহান বিজয় দিবস-১৯ যথাযোগ্য</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td>মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন পূর্বক সকল তথ্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমঃ ফেইসবুকে আপলোড করে উপজেলা শিক্ষা অফিসের আইডিতে ট্যাগ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) আগামী ১৬/১২/২০১৯ তারিখে ১ম-৫ম শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে বিজয় দিবস ২০১৯ চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে অংশগ্রহণইচ্ছুক শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>২.</td><td>বিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক বিতরণ ২০২০</td><td>নিম্নবর্ণিত তারিখ , সময় ও ইউনিয়নভিত্তিক উপজেলা শিক্ষা অফিস হতে একযোগে (সকাল ৯.৩০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত) ২০২০ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>সময়</th><th>ইউনিয়ন</th><th>তারিখ</th><th>সময়</th><th>ইউনিয়ন</th></tr>
<tr><td rowspan="6">১৮/১২/২০১৯</td><td>সকাল ১০.০০</td><td>পৌরসভা</td><td rowspan="6">১৯/১২/২০১৯</td><td>সকাল ১০.০০</td><td>দুবাগ</td></tr>
<tr><td>সকাল ১১.০০</td><td>চারখাই</td><td>সকাল ১১.০০</td><td>মুল্লাপুর</td></tr>
<tr><td>দুপুর ১২.০০</td><td>আলীনগর</td><td>দুপুর ১২.০০</td><td>তিলপাড়া</td></tr>
<tr><td>দুপুর ০২.৩০</td><td>শেওলা</td><td>দুপুর ০২.৩০</td><td>লাউতা</td></tr>
<tr><td>বিকাল ০৩.০০</td><td>কুড়ারবাজার</td><td>বিকাল ০৩.০০</td><td>মুড়িয়া</td></tr>
<tr><td>বিকাল ০৩.৩০</td><td>মাথিউরা</td><td>বিকাল ০৩.৩০</td><td>সকল কে.জি ও বেসপ্রাবি</td></tr>
</table></td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
<tr><td>৩.</td><td>ক্যাচমেন্ট এলাকার শতভাগ ভর্তি নিশ্চিতকরণ</td><td>নিজ নিজ বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার শতভাগ ভর্তি নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল শিক্ষক</td></tr>
<tr><td>৪.</td><td>শিশু জরিপ-২০২০</td><td>২৪/১২/২০১৯ তারিখের মধ্যে শিশু জরীপ মাঠ পর্যায়ে যাচাই বাছাই পূর্বক হালফিল করে রেজিস্টারে অন্তর্ভুক্ত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>নং</th><th>শিশুর নাম</th><th>পিতার নাম</th><th>মাতার নাম</th><th>জন্ম তারিখ</th><th>গ্রাম</th><th>ভর্তিকৃত হলে প্রতিষ্ঠানের নাম</th><th>ভর্তি না হওয়ার কারণ</th></tr>
</table></td><td></td></tr>
<tr><td>৫.</td><td>ভর্তিকালীন অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্র নিশ্চিতকরণ</td><td>জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের স্মারক নংঃ ০৫.৪৬.৯১০০.০১৭.২২.০০১.১১.৮৩১(১৬), তারিখঃ ০২ অক্টোবর ২০১৬ মোতাবেক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তিকালীন অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্র গ্রহণ নিশ্চিতক্রমে ছাত্র ছাত্রী ভর্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও জন্ম নিবন্ধন সনদ ছাড়া কোন শিক্ষার্থী ভর্তি করা হলে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্র/শি</td></tr>
<tr><td>৬.</td><td>শিক্ষার্থী পর্যায়ে পাঠ্যপুস্তক বিতরণ-২০২০ ও শিশুবরণ উৎসব</td><td>প্রতি বছরের ন্যায় আসন্ন ২০২০ শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত/অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে নীতিমালা অনুযায়ী বিনামূল্যের পাঠ্যবই স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, এসএমসি, পিটিএ, ছাত্র/শিক্ষক/অভিভাবক, মা, এলাকাবাসী এবং গণমাধ্যমের প্রতিনিধির স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের মাধ্যমে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে সরকার কর্তৃক নির্ধারিত তারিখে পাঠ্যপুস্তক বিতরণ ও শিশুবরণ উৎসব পালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়। বই বিতরণে কোন প্রকার অনিয়ম অথবা আর্থিক সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট শিক্ষকগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হবে বলে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, বই বিতরণ অনুষ্ঠানের ছবি সংশ্লিষ্ট বিদ্যালয়ে সংরক্ষণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক/এসএমসি</td></tr>
<tr><td>৭.</td><td>২০২০ শিক্ষাবর্ষের শ্রেণি রুটিন</td><td>আগামী ১৫/০১/২০২০ তারিখের মধ্যে বিষয়ভিত্তিক শ্রেণি রুটিন প্রস্তুত করে সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও কর্তৃক অনুমোদনকরত: এক কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, শ্রেণি রুটিনে প্রধান শিক্ষকের বাধ্যতামূলকভাবে কমপক্ষে দৈনিক ০৩(তিন) টি ক্লাস (প্রথম ঘন্টা এবং শেষ ঘন্টাসহ) অর্ন্তভুক্ত করতে হবে।</td><td>সকল প্র/শি ও এইউইও</td></tr>
<tr><td>৮.</td><td>২০১৯ শিক্ষাবর্ষের পুরাতন বই</td><td>শিক্ষার্থীদের নিকট থেকে পুরাতন বই সংগ্রহ না করার জন্য অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
<tr><td>৯.</td><td>শিক্ষকদের শপথ বাক্য</td><td>সহকারী পরিচালক (বিদ্যা-১), মহোদয়ের স্মারক নংঃ ৩৮.০১.০০০০.১৪০.০১৬.০১৭.২০০৭-২১৮/৬৪৩/৭(৩), তারিখঃ মোতাবেক ২৯/০৯/২০১৬ তারিখ মোতাবেক প্রত্যেক বিদ্যালয়ে এসেম্বলি এর সময় শিক্ষকদের উপস্থিত থেকে শিক্ষকগণ তাদের শপথ হিসেবে নিম্নোক্ত শপথ বাক্য পাঠ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>"আমি নামঃ.......................প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক হিসেবে শপথ করছি যে, আমি শ্রেণিকক্ষে পাঠদানের পাশাপাশি শিষ্ঠাচার ও নৈতিকতা চর্চা এবং মানবিক গুণাবলীসহ শিক্ষার্থীদের একজন সুনাগরিক ও আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে সদা সচেষ্ট থাকবো। বিদ্যালয়ের সুশৃঙ্খল পরিবেশ ও পরিচ্ছন্নতা বজায় রাখবো। সময়ের প্রতি সচেতন থাকবো। সহকর্মীদের সাথে সম্মানজনক আচরণ করবো। মহান সৃষ্টিকর্তার প্রতি অনুগত থেকে দেশ ও সমাজের প্রতি কর্তব্য পালন করবো। শিক্ষার্থীদের প্রতি সমআচরণ এবং তাদের আপন স্নেহে গড়ে তুলবো।"</td><td>সকল শিক্ষক</td></tr>
<tr><td>১০.</td><td>মা সমাবেশ ও বার্ষিক পরীক্ষার</td><td>জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের স্মারক নং : ০৫.৪৬.৯১.০০.০১০.৯৯.০০৭.১৬.৭৩৫(১৬), তারিখঃ ২৫/০৮/২০১৬ পত্রের নির্দেশনা মোতাবেক প্রতিটি বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে কার্যকর</td><td>সকল প্র/শি ও এইউইও</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>ফলাফল</td><td>মা সমাবেশ আহবানপূর্বক মা'দের অবহিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও বার্ষিক পরীক্ষা ২০১৮ এর উত্তরপত্র যথাযথভাবে মূল্যায়ন, সংরক্ষণ ও মা'সমাবেশের মাধ্যমে ফলাফল প্রকাশপূর্বক ১৭/১২/২০১৯ তারিখের মধ্যে ফলাফল অত্রাফিসে দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক্রমিক নং/শ্রেণি/অংশগ্রহণকৃত শিক্ষার্থীর সংখ্যা/উত্তীর্ণের সংখ্যা/মন্তব্য)</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>ডিজিটাল ক্লাস পরিচালনা</td><td>আগামী জানুয়ারি/২০২০ হতে বিদ্যালয়ের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা ডিজিটাল ক্লাস নিবেন। কোন শিক্ষক কোন কোন ক্লাস ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে নিয়েছেন তা বিদ্যালয়ে রেজিস্টার তৈরি করে লিপিবদ্ধ করবেন। এমনকি কনটেন্টটি প্রধান শিক্ষকের নিকট জমা রাখবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকলল প্র/শি</td></tr>
<tr><td>১২.</td><td>বায়োমেট্রিক হাজিরা মেশিন</td><td>আগামী ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে বায়োমেট্রিক হাজিরা মেশিন ক্রয় করে (মন্ত্রণালয়ের স্পেসিফিকেশন অনুযায়ী) স্থাপন/চালু করে নিম্নস্বাক্ষরকারী বরাবর একটি প্রতিবেদন ১-৩ জানুয়ারি ২০২০ এর মধ্যে দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
<tr><td>১৩.</td><td>সিলেবাস প্রণয়ন ২০২০</td><td>২০২০ সালের সিলেবাস প্রণয়নের নিমিত্তে আগামী ১৩/০১/২০২০ ইং অত্রাফিসে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হল।
<table>
<tr><th>বিষয়</th><th>শিক্ষকের নাম/পদবী/কর্মস্থল</th></tr>
<tr><td>বাংলা</td><td>জনাব হাফসা বেগম,প্র/শি, নবাং সুতারকান্দি সপ্রাবি<br>জনাব মোছাঃ ফরিদা খানম, প্র/শি, (চ:দা:), ছুটিয়াং সপ্রাবি<br>জনাব মনিকা দাস, প্র/শি, নিদনপুর সুপাতলা সপ্রাবি</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>জনাব সুলেমান আহমদ বেগম,প্র/শি, ফেনগ্রাম চন্দগ্রাম বাগন সপ্রাবি<br>জনাব কয়ছর আহমদ, প্র/শি, উত্তরভাগ সপ্রাবি<br>জনাব মাসুদ আহমদ , প্র/শি, গৌরীনাথ সপ্রাবি</td></tr>
<tr><td>প্রাথমিক গণিত</td><td>জনাব বিধুর ভুষণ বৈদ্য,প্র/শি, খাসা সপ্রাবি<br>জনাব সৌমেন চক্রবর্ত্তী, স/শি, বিয়ানীবাজার সপ্রাবি<br>জনাব খালেদ আহমদ , প্র/শি, শালেশ্বর সপ্রাবি</td></tr>
<tr><td>বাংলাদেশ ও বিশ্বপরিচয়</td><td>জনাব মোছলেহ উদ্দিন,প্র/শি, পশ্চিম মাথিউরা সপ্রাবি<br>জনাব হালিমা বেগম, স/শি, নবাং সুতারকান্দি সপ্রাবি<br>জনাব বদরুল হক , প্র/শি, দাসউরা বালিকা সপ্রাবি</td></tr>
<tr><td>প্রাথমিক বিজ্ঞান</td><td>জনাব অনুপ কর্মকার,প্র/শি, ছোটদেশ সপ্রাবি<br>জনাব এ.কে.এম. জুনায়েদ, প্র/শি, দুধবকসী সপ্রাবি<br>জনাব আফরোজা সুলতানা , প্র/শি, খশির হাজী সাঈদ আলী সপ্রাবি</td></tr>
<tr><td>ইসলাম ও নৈতিক শিক্ষা</td><td>জনাব ইসলাম উদ্দিন, প্র/শি, সারপার সপ্রাবি<br>জনাব হারুনুর রশিদ, স/শি, ঘাঘুরঘাট সপ্রাবি</td></tr>
<tr><td>হিন্দু ও নৈতিক শিক্ষা</td><td>জনাব বিশ্বজিৎ মালাকার ,প্র/শি, বিয়ানীবাজার সপ্রাবি<br>জনাব পূরবী রাণী কর, স/শি, নয়াগ্রাম-২ সপ্রাবি</td></tr>
</table></td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১৪.</td><td>জুলাই-ডিসেম্বর/১৯ মাসের কন্টিনজেন্সী বিল ও ভাউচার</td><td>জুলাই-ডিসেম্বর/১৯ মাসের কন্টিনজেন্সী বিল ও ভাউচার (০৬ মাসের মোট অর্থ একটি বিলে উপস্থাপন করতে হবে) নির্দিষ্ট হারে টপশীটে বিদ্যালয়ের ক্রমিক নম্বর উল্লেখ করতঃ দুই প্রস্থ করে অত্রাফিসে সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও গণের নিকট আগামী ১২-১৮ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও নির্দিষ্ট সময়ের ভিতরে বিল ভাউচার দাখিলে ব্যর্থ হলে তার সম্পূর্ণ দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রধান শিক্ষক বহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। (বিদ্যালয়ের ক্রমিক নম্বর, ব্যাংক হিসাব নম্বর, মোবাইল নম্বর উল্লেখ বাধ্যতামূলক)</td><td>সকল প্র/শি</td></tr>
<tr><td>১৫.</td><td>পাঠ্যপুস্তক অধ্যয়ন</td><td>আগামী ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষককে ২০২০ শিক্ষাবর্ষের সকল পাঠ্যপুস্তক অধ্যয়ন সম্পন্ন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সকল শিক্ষক</td></tr>
<tr><td>১৬.</td><td>সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার</td><td>সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক ব্যবহারের ক্ষেত্রে ধর্মীয় অনুভূতির উপর আঘাত, ব্যক্তি চরিত্রহনন, রাজনৈতিক সংলাপ ইত্যাদি অথবা বিরুপ মন্তব্য থেকে বিরত থাকবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও এমন কোন ধরণের ছবি আপলোড করা যাবে না যা দ্বারা শিক্ষক সমাজের বা প্রাথমিক শিক্ষা বিভাগের সুনামের ক্ষতি হয়। কোন শিক্ষক যদি বিদ্যালয়ের নামে কোন আইডি ব্যবহার করে থাকেন সেক্ষেত্রে বিদ্যালয়ের ছবি প্রোফাইল পিকচার হিসেবে ব্যবহার করবেন মর্মে ও সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১৭.</td><td>গাইড বই নিষিদ্ধকরণ</td><td>সকল প্রাথমিক বিদ্যালয়ে সকল প্রকার গাইড/নোট বই ব্যবহার থেকে সকল শিক্ষকগণ নিজে বিরত থাকবেন এবং শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিরুৎসাহিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্র/শি ও অভিভাবক</td></tr>
<tr><td>১৮.</td><td>মুজিব বর্ষ</td><td>২০২০ সালে মুজিব বর্ষ পালন পরিকল্পনা বাস্তাবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
<tr><td>১৯.</td><td>বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরী</td><td>আগামী ১৫/০১/২০২০ তারিখের মধ্যে বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরী করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
<tr><td>২০.</td><td>বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার</td><td>প্রতিটি বিদ্যালয়ে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণারে বিদ্যালয়ের সকল শিক্ষক একটি করে মুক্তিযুদ্ধ বিষয়ক বই দান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল শিক্ষক</td></tr>
<tr><td>২১.</td><td>শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৯</td><td>প্রতিটি বিদ্যালয়ে যথাযোগ্য মার্যাদায় আগামী শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৯ পালন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সকল প্রধান শিক্ষক</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২২. | উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইট ভিজিট | উপজেলা শিক্ষা অফিস, বিয়ানীবাজার, সিলেট এর ওয়েব সাইট (**dpe.beanibazar.sylhet.gov.bd)** এ যে সকল সুবিধাদি পাওয়া যাবে তা নিম্নরুপ:<br>✓ উপবৃত্তির সফট কপি ডাউনলোড করা।<br>✓ পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির অফিস আদেশ।<br>✓ সার্ভিস বহিতে সনদ সংযুক্তির অফিস আদেশ।<br>✓ শিক্ষকদের মাসিক বেতন বিলের তথ্য।<br>✓ বাৎসরিক ইনক্রিমেন্ট এর লিংক।<br>✓ এপিএসসি সংক্রান্ত তথ্য।<br>✓ বই বিতরণের তথ্য।<br>✓ এনওসি।<br>✓ বহি: বাংলাদেশ ছুটির অফিস আদেশ।<br>✓ উপবৃত্তির ডিসভার্সমেন্ট শীট।<br>✓ শিক্ষকদের বিভিন্ন ধরণের আবেদনের ফরমেট।<br>✓ মাসিক সমন্বয় সভার রেজুলেশন।<br>✓ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য।<br>✓ অন্যান্য।<br>উক্ত অফিসিয়াল সকল তথ্য পাওয়ার জন্য প্রতিদিন কমপক্ষে দুইবার (সকাল ১১ টার ভিতরে একবার এবং বিদ্যালয় ত্যাগের পূর্বে আরেকবার) উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইট ভিজিট করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ২৩. | শোক প্রস্তাব | ১। জনাব ছালেহ আহমদ, প্র/শি (প্রাক্তন), মাটিজুরা সপ্রাবি বিগত ২৮/১১/২০১৯ তারিখ এবং জনাব আনিছুর রহমান, প্র/শি (প্রাক্তন), হাজরাপাড়া সপ্রাবি, বিগত ২১/১১/২০১৯ তারিখ মৃত্যুবরণ করেন। তাঁদের শোক সন্তোপ্ত পরিবারের প্রতি সভার পক্ষ থেকে গভীর সমবেদনা প্রকাশ করা হয় এবং সভার সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে একটি শোক প্রস্তাব গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(টিটু কুমার দে)
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
বিয়ানীবাজার,সিলেট।

স্মারক নং- উশিঅ/বিবা/সিল/২০১৯/৬৫৯ তারিখ ঃ ১১/১২/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট।
৪। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিয়ানীবাজার, সিলেট।
৫। সহকারী উপজেলা শিক্ষা অফিসার,.....................................ক্লাস্টার, বিয়ানীবাজার, সিলেট।
৬। প্রধান শিক্ষক, ..............................................................................(সকল)।
৭। সংরক্ষণ নথি।

(টিটু কুমার দে)
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
বিয়ানীবাজার,সিলেট।